

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ আগস্ট ২০১৪/০৫ ভাদ্র ১৪২১

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৩০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রকল্প শেষ হওয়ার পূর্বে অথবা প্রকল্পে তিন বছর কর্মকাল শেষ হবার পূর্বে প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণের বদলির বিষয় বিবেচনা করার নিমিত্ত কমিটি নিম্নরূপভাবে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

১. মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	- সভাপতি
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	- সদস্য
৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	- সদস্য
৪. সচিব, পরিকল্পনা বিভাগ	- সদস্য
৫. সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ	- সদস্য

(খ) কমিটির কার্যপরিধি :

পদোন্নতি/উচ্চতর পদায়ন এবং শান্তিমূলক ব্যবস্থা/বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয় ব্যতীত ৩ (তিন) বছর মেয়াদ সমাপ্তির পূর্বে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রকল্পে নিয়োজিত প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণকে বদলি সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করে সুপারিশ প্রদান।

( ১৭০২৯ )

মূল্য : টাকা ৪.০০

- (গ) প্রকল্প সমাপ্তির কারণে বদলির ক্ষেত্রে কমিটির নিকট উপস্থাপনের প্রয়োজন হবে না।
- (ঘ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে জারিকৃত বদলি/নিয়োগ আদেশসমূহ কমিটির সুপারিশের আওতা বহির্ভূত থাকবে এবং তা সরাসরি কার্যকর হবে।
- (ঙ) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান

যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)